



ISO 9001:2015  
Certified



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
চান্দনা, গাজীপুর  
টেলিফোনঃ ০২-৯২৬২৭৮৮

Email: gazipbs@yahoo.com  
Website: pbs1.gazipur.gov.bd



নম্বর: ২৭.১২.৩৩০০.৫৬৯.০৭.০০৪.২০.২৩৪৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

### নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: অস্থায়ী ভিত্তিতে স্টেকিং ইঞ্জিনিয়ার নিয়োগ প্রসঙ্গে।

### “নিয়োগ বিজ্ঞপ্তি”

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকা বাপবিবো'র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধন(ঢাকা -ময়মনসিংহ বিভাগ) শীর্ষক প্রকল্পের স্টেকিং শীট প্রস্তুতকরণ এর জন্ম। অস্থায়ী ভিত্তিতে স্টেকার নিয়োগের লক্ষ্যে পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

ক্রঃ নং	পদেরনাম	পদের সংখ্যা	বয়সসীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
০১	স্টেকিং ইঞ্জিনিয়ার	০৪ (চার) টি।	১৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সীমা ন্যূনতম ২১ এবং অনূর্ধ্ব ৪৫ বছর (শারিরিকভাবে সক্ষম)।	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইইই) বিতরণ সিস্টেমে কাজ করার কমপক্ষে ৪ বছরের অভিজ্ঞতা তবে বিআরইবি/ পিবিএস সিস্টেমের কাজ করার অভিজ্ঞতা অগ্রগণ্য।	দৈনিক ১২০০.০০(বার শত)টাকা।	সকল জেলা

### অন্যান্যশর্তাবলীঃ

- নির্ধারিত আবেদনফর্ম(ভার্সন-০১) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট [www.pbs1.gazipur.gov.bd](http://www.pbs1.gazipur.gov.bd) হতে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর-এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদনকৃত ফরম ব্যতীত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ১৩/০৬/২০২৩ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবেঃ
- ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
- প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঞ্জন ছবি।
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সীল থাকতে হবে।
- ডাউনলোডকৃত আবেদন ফর্ম, ফর্ম-এ উল্লেখিত যথাযথ নির্দেশনা অনুযায়ী পূরণ করে প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল গণ্য হবে।
- নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক স্টেকিং ইঞ্জিনিয়ার হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ১২০০/=

(বারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে।

৯। প্রতি কর্মদিবসে কমপক্ষে ১ কি.মি লাইন এর স্টেকিং ও বিওকিউ প্রস্তুত করতে হবে।

১০। এধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোনক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহনযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন “দৈনিক মজুরী” ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।

১১। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। নিয়োগ প্রাপ্তদের নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা সমিতির অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরৎ প্রদান করা হবে।

১৩। যে কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/ নির্বাচন/ অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৫। প্রার্থী বাছাই/ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।



০১-০৬-২০২৩

প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল  
সিনিয়র জেনারেল ম্যানেজার

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, গাজীপুর;

২। ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;

৩। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সকল জোনাল অফিস,;

৪। এজিএম (এইচআর), মানব সম্পদ বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;

৫। এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;

৬। এজিএম (ইএন্ডসি), ইএন্ডসি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;

৭। এজিএম (ওএন্ডএম), ওএন্ডএম বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১;

৮। এজিএম (আইটি), আইটি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) এবং

৯। অফিস কপি।

